

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৬৪.০৩২.৮৩.০০.০৩০.২০১১/ ১৯৪৪


তারিখঃ ৩১/০৭/২০১৭খ্রিঃ।

বিষয়ঃ মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গত ০২/০৭/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত সচিব সভায় মাননীয় প্রধানমন্ত্রীর নিম্নোক্ত নির্দেশনা ও সিদ্ধান্ত প্রদান করেনঃ

নং	সিদ্ধান্ত
১	রাস্তাঘাট নির্মাণের সময় প্রাকৃতিক জলাধার সংরক্ষণ ও রাস্তার দু পাশে বৃক্ষরোপণ, প্রাকৃতিক দুর্যোগ প্রতিরোধে ম্যানগ্রোভ বাগান সৃজন, সামাজিক বনায়ন কার্যক্রম এবং উপকূলীয় অঞ্চলে বনায়নের উদ্যোগ গ্রহণ করতে হবে।
২	জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত অর্থ বছরের প্রথম তিন মাস প্রকল্পের পেপার ওয়ার্ক সম্পন্ন করে শুষ্ক মৌসুমের শুরুতেই ভৌত অবকাঠামো নির্মাণ কাজ শুরু করতে হবে এবং কাজের গুণগতমানের বিষয়টি নিশ্চিত করতে হবে।
৩	বাজেট প্রাপ্তির পরপরই অগ্রাধিকার ভিত্তিতে প্রকল্প বাছাইপূর্বক তা বাস্তবায়ন করতে হবে যেন নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়।
৪	বার্ষিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের হার আরও বাড়াতে হবে। অর্থ বছরের শেষ দিকে তাড়াহুড়া না করে বছরের শুরু থেকেই বাস্তবায়নের কৌশল নির্ধারণে ব্যবস্থা নিতে হবে।

উক্ত নির্দেশনা এবং সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।
বিষয়টি অতীব জরুরী।


(এ,কে,এম আনিছুলজামান)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৭২

মেয়র/প্রশাসক

-----পৌরসভা

জেলা-----।

অনুলিপিঃ

- ১। জেলা প্রশাসক(সকল), জেলা-----।
- ২। উপ-সচিব, সিটি কর্পোরেশন-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।